

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭ ১৯
কমলপুর, ১৮ নভেম্বর, ২০২৩

ধলাই জেলাভিত্তিক ৭০তম অধিল ভারত সমবায় সপ্তাহ উদযাপন

ধলাই জেলাভিত্তিক ৭০ তম অধিল ভারত সমবায় সপ্তাহ-২০২৩ উদযাপন উপলক্ষে গতকাল হালহালিস্থিত বিমল সিনহা স্মৃতি কমিউনিটি হলে আলোচনচক্র অনুষ্ঠিত হয়। রাজ্য সমবায় দপ্তর এবং ত্রিপুরা রাজ্য সমবায় ইউনিয়নের মৌখিক উদ্যোগে আয়োজিত এবছর সমবায়ের মূল ভাবনা হলো - ‘সমবায়ের জন্য উদীয়মান এলাকা এবং সহজ সরল ব্যবসা’। এই আলোচনাচক্রের উদ্বোধন করেন বিধায়ক মনোজ কান্তি দেব। প্রধান আতিথি হিসেবে উপস্থিত ছিলেন ত্রিপুরা স্টেট কনজিউমার ফেডারেশন লিমিটেডের চেয়ারম্যান টুটন দাস। এছাড়াও উপস্থিত ছিলেন দুর্গাচৌমুহনী পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সম্পা দাস, ত্রিপুরা স্টেট কো অপারেটিভ সোসাইটির জয়েন্ট রেজিস্ট্রার অতনু দেওয়ানজী। উদ্বোধকের ভাষণে বিধায়ক মনোজ কান্তি দেব বলেন, রাজ্যে বর্তমানে সমবায়ের মাধ্যমে ব্যবসা ও বাণিজ্য গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করেছে। এক সময় রাজ্যে সমবায় আন্দোলন যে নিষ্ঠেজ রূপ নিয়েছিল তা বর্তমানে আবার উজ্জীবিত হয়েছে। তিনি বলেন, গ্রামীণ এলাকায় অপেক্ষাকৃত কম পুঁজি সম্পর্ক লোক বিভিন্ন সমবায় সমিতির সুযোগ নিয়ে ব্যবসা করে রঞ্জির পথ খুঁজে পান। এর ফলে গ্রামীণ অর্থনীতিরও বিকাশ ঘটে। এছাড়া বক্তব্য রাখেন ত্রিপুরা স্টেট কনজিউমার ফেডারেশন লিমিটেডের চেয়ারম্যান টুটন দাস। সভাপতিত্ব করেন ধলাই জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি অনাদি সরকার। অনুষ্ঠানে বিভিন্ন সমবায় সমিতির সদস্য ও সদস্যাগণ উপস্থিত ছিলেন।
